



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় Bangabandhu Sheikh Mujib Medical University

রেজিস্ট্রার অফিস

Office of the Registrar

নং-বিএসএমএমইউ/২০১৯/১৮২১

তারিখ : ২৩-০২-২০১৯খ্রিঃ

মেডিক্যাল অফিসার ও মেডিক্যাল অফিসার (ডেন্টাল সার্জারী) পদে নিয়োগের লিখিত পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ই মার্চ, ২০১৯ইং তারিখে বুয়েট ক্যাম্পাসে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল অফিসার নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল, কিন্তু বুয়েটের সমাবর্তন অনুষ্ঠানের জন্য বুয়েট কর্তৃপক্ষ ১৫ মার্চে উক্ত পরীক্ষা গ্রহণের ব্যাপারে অপারগতা প্রকাশ করেছে। এই প্রেক্ষিতে বুয়েট কর্তৃপক্ষের সম্মতি অনুযায়ী আগামী ২২ মার্চ, ২০১৯ইং তারিখ রোজ শুক্রবার মেডিক্যাল অফিসার ও মেডিক্যাল অফিসার (ডেন্টাল সার্জারী) পদে নিয়োগের লিখিত পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ করা হ'ল।

পরীক্ষার তারিখ ও স্থান সংক্রান্ত :

পরীক্ষার তারিখ : ২২-০৩-২০১৯ইং রোজ শুক্রবার


সময় : সকাল ০৯.০০ ঘটিকা হতে ১০.৩০ ঘটিকা পর্যন্ত

স্থান : বুয়েট মেইন ক্যাম্পাস, বুয়েট পশ্চিম পলাশী ক্যাম্পাস এবং ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, বুয়েট ক্যাম্পাস।

প্রবেশপত্র ও অন্যান্য সংক্রান্ত :

০১. পূর্বের প্রদানকৃত প্রবেশপত্র (Admit card) বহাল থাকবে।
০২. প্রার্থীগণ সকাল ০৮.৩০মিঃ হতে ০৮.৫০মিঃ পর্যন্ত পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন।
০৩. প্রার্থীগণ সকাল ১০.৩০মিঃ এর পূর্বে পরীক্ষার হল ত্যাগ করতে পারবেন না।
০৪. লিখিত পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (www.bsmmu.edu.bd) প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে।
০৫. এতদসংক্রান্ত যে কোন তথ্যাদির পরিবর্তন/সংশোধন করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষন করে।

নির্দেশক্রমে,



(অধ্যাপক এ বি এম আব্দুল হান্নান)

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়